# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

## আরবী

وَعَن أم فَرْوَة قَالَتْ: سُئِلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيُّ الْأَعْمَالِ أَفْضَلُ؟ قَالَ: «الصَّلَاةُ لِأَوَّلِ وَقْتِهَا» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ
وَقَالَ التِّرْمِذِيُّ: لَا يُرْوَى الْحَدِيثُ إِلَّا مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ الْعُمَرِيِّ وَهُوَ لَيْسَ بِالْقَوِيِّ عِنْد أهل الحَدِيث

## বাংলা

৬০৭-[২১] উম্মু ফারওয়াহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হয়েছিল, কোন কাজ (’আমল) বেশী উত্তম? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, সালাতকে তার প্রথম ওয়াক্তে আদায় করা। (আহমাদ, তিরমিযী ও আবূ দাঊদ)[1]

ইমাম তিরমিযী বলেন, এ হাদীস ’আবদুল্লাহ ইবনু ’উমার আল ’উমারী ছাড়া আর কারো নিকট হতে বর্ণিত হয়নি। তিনিও মুহাদ্দিসগণের নিকট সবল নন।

## ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : আবূ দাঊদ ৪২৬, তিরমিযী ১৭০, সহীহ আত্ তারগীব ৩৯৯, আহমাদ ২৭১০৩। হাদীসটির সানাদে ত্রুটি থাকলেও তার শাহিদমূলক বর্ণনা থাকায় তা সহীহের স্তরে উন্নীত হয়েছে।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: সাওয়াব বেশী হওয়ার দিক থেকে কোন্ সাওয়াবের ক্ষেত্রে সর্বোত্তম ‘আমল সংক্রান্ত প্রশ্নে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম ওয়াক্তে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের কথা বলেছেন। সালাতের নির্ধারিত ওয়াক্তের প্রথম ওয়াক্তে আদায় করা সর্বোত্তম ‘আমল- এ কথা এ হাদীসেও প্রমাণিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন